গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, বেনাপোল
যশোর।
www.bch.gov.bd

স্মারক নম্বর-২য়/৫(১৩)২-জন প্র./লোকবল/নিয়োগ/বেনা/৪(অংশ-২)/২০১৬/ ৫৪০২ তারিখ: ০৬-০৭-১৪২৯ বঙ্গাব্দ / ২১-১০-২০২২ খ্রিষ্টাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নম্বর: ০৮.০০.০০০০.০৩৮.১১.০৫৪.১২(অংশ).৫১১, তারিখ: ২১-০৭-২০১৬ খ্রিঃ প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী কাস্টম হাউস, বেনাপোল এর শূণ্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক সরাসরি কোটায় জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে শর্তসাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্তে অনলাইনে (http://bch.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নম্বর | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১। | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১১<br>টাকা-১২,৫০০-৩০,২৩০ | ৪ টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | ময়মনসিংহ জেলা ব্যতীত সকল জেলা। তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>টাকা-১১,০০০-২৬,৫৯০ | ২ টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ; সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ৫০ শব্দ এবং ইংরেজিতে ৮০ শব্দ। | সকল জেলা। |
| ৩। | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪<br>টাকা-১০,২০০-২৪,৬৮০ | ৬ টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ। | |
| ৪। | ক্যাশিয়ার<br>গ্রেড-১৪<br>টাকা-১০,২০০-২৪,৬৮০ | ১ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। তবে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>(খ) চাকুরীতে যোগদানের সময় বিধি মোতাবেক প্রয়োজনীয় জামানত জমা দিতে হবে। | |

| ক্রমিক নম্বর | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ৫। | সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>টাকা-১০,২০০-২৪,৬৮০ | ২ টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ; সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ৪৫ শব্দ এবং ইংরেজিতে ৭০ শব্দ। | |
| ৬। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>টাকা-৯,৩০০-২২,৪৯০ | ৫ টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ। | |
| ৭। | গাড়িচালক<br>গ্রেড-১৬<br>টাকা-৯,৩০০-২২,৪৯০ | ১০ টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স; এবং<br>(গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। | |
| ৮। | টেলিফোন অপারেটর<br>গ্রেড-১৬<br>টাকা-৯,৩০০-২২,৪৯০ | ১ টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে এইচএসসি পাশসহ টেলিফোন অপারেটর হিসেবে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। | |
| ৯। | সিপাই<br>গ্রেড-১৭<br>টাকা-৯,০০০-২১,৮০০ | ০৬ টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) উচ্চতায় ন্যূনতম ৫´-৪´´ পুরুষ, ৫´-২´´ মহিলা, বুকের মাপ ন্যূনতম ৩০´´-৩২´´ (উভয় ক্ষেত্রে)। | |
| ১০। | ফটোকপি অপারেটর<br>গ্রেড-১৮<br>টাকা-৮,৮০০-২১,৩১০ | ২ টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ফটোকপি মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। | |
| ১১। | ইলেক্ট্রিশিয়ান<br>গ্রেড-১৯<br>টাকা-৮,৫০০-২০,৫৭০ | ১ টি | কোনো স্বীকৃত শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট(ট্রেড) পরীক্ষায় উত্তীর্ণ; অথবা সরকার কর্তৃক অনুমোদিত ইন্সটিটিউট হতে ভকেশনাল সার্টিফিকেট প্রাপ্ত। | |
| ১২। | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>টাকা-৮,২৫০-২০,০১০ | ৩ টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | যশোর, বরিশাল, পটুয়াখালী, চুয়াডাঙ্গা জেলা ব্যতীত সকল জেলা। তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন |

| ক্রমিক নম্বর | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| | | | | করতে পারবেন। |
| ১০। | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০<br>টাকা-৮,২৫০-২০,০১০ | ১ টি | (ক) অষ্টম শ্রেণি এবং সুস্বাস্থ্যের অধিকারী। | সকল জেলা |

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে।

১. ক) ০১-১১-২০২২খ্রি তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ) এছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯; তারিখ: ২২-০৯-২০২২খ্রি মোতাবেক চাকুরী প্রার্থীদের বয়স ২৫-০৩-২০২০ খ্রি তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলেও প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন।

২. ইতোপূর্বে ২০১৬ সালে এ দপ্তর হতে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় আবেদিত প্রার্থীগণের মধ্যে যারা যোগ্য বিবেচনায় প্রবেশপত্র প্রাপ্ত হয়েছিলেন তারা এই নিয়োগ বিজ্ঞপ্তির জন্য যোগ্য বিবেচিত হবেন এবং তাদের পুনরায় এই নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় আবেদন করার প্রয়োজন নেই। তারা ইতোপূর্বে প্রাপ্ত প্রবেশপত্রের ভিত্তিতে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। বিভিন্ন সময়ে উক্ত পরীক্ষা সংক্রান্ত বিষয়াদি এ দপ্তরের ওয়েবসাইটে (www.bch.gov.bd) প্রকাশিত হবে।

৩. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই উক্ত অনুমতি পত্র প্রদর্শন করতে হবে।

৪. আবেদনপত্রে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনরূপ অসত্য বিবরণ/তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে, এমনকি আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকুরী প্রাপ্তির পরও যে কোন পর্যায়ে তার সনদপত্র/প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে তাকে চাকুরি থেকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত করা এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে কর্তৃপক্ষ সকল ক্ষমতা সংরক্ষণ করবে।

৫. লিখিত পরীক্ষায় এবং প্রযোজ্য ক্ষেত্রে শারীরিক ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণের পর মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রার্থীকে তার সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। অনলাইনে (Online-এ) দাখিলকৃত Application Form এর প্রিন্ট কপি এবং নিম্নোক্ত পত্রাদি/সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে:

(ক) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি;

(খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

(গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলরের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ব ও ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের কপি;

(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, নাতি-নাতনি হলে তার স্বপক্ষে আবেদনকারীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত কপি, মুক্তিযোদ্ধার সরকারী গেজেটের সত্যায়িত কপি ও পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের বিষয়টি উল্লেখ পূর্বক প্রদত্ত সনদের সত্যায়িত কপি;

(ঙ) এতিম, প্রতিবন্ধী, আনসার ও ভিডিপি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৬. লিখিত এ নিয়োগ বিজ্ঞপ্তি, লিখিত পরীক্ষা, শারীরিক পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা, মৌখিক পরীক্ষা ও পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য এবং এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন পরিবর্তন/সংশোধন (যদি থাকে) কাস্টম হাউস, বেনাপোলের ওয়েবসাইটে (www.bch.gov.bd) পাওয়া যাবে।

৭. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার যাতায়াত ভাতা ও দৈনিক ভাতা প্রদান করা হবে না।

৮. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৯. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তাহলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://bch.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ৩১ অক্টোবর ২০২২ সকাল ০৯.০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২০ নভেম্বর ২০২২ বিকাল-০৩:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এ আবেদন ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন ।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও আবেদন ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application From) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন প্রার্থী একটি user ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২ (দুই) টি SMS করে ১নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ৩০০/-(তিনশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৩৪/-(চৌত্রিশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৩৩৪/- (তিনশত চৌত্রিশ) টাকা, ২নং থেকে ৮নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/-(তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ৯নং থেকে ১০নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বার) টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

> **প্রথম SMS:** **BCH<space>UserID** লিখে send করতে হবে 16222 নম্বরে।
> Example: **BCH ABCDEF**
> Reply: Applicant's Name, TK-112/223/334 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BCH<Space>Yes<space>PIN and send to 16222.
>
> **দ্বিতীয় SMS:** BCH<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
> Example: **BCH Yes 12345678**
> Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for BCH Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bch.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয় ।